



বিষয়: জুলাই, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোখতার আহমেদ
সচিব	সচিব
সভার তারিখ	২৩ আগস্ট ২০২৬
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভা কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ২৭ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত জুন ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, উপসচিব (সংসদ ও সমন্বয় শাখা) সভার আলোচ্যসূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	নির্বাচনী ইশতেহার অনুযায়ী এ মন্ত্রণালয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	১.১ নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের প্রণয়নকৃত পরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	
০২.	সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরবর্তী সভার আলোচ্যসূচি প্রেরণ	সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সঠিক সময়ে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। প্রবাসী কল্যাণ কার্ড চূড়ান্ত করার লক্ষ্যে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রবাসী কার্ড প্রদানে সরকার বন্ধ পরিকর মর্মে সভাকে অবহিত করা হয়।	২.১ সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং পরবর্তী সভার আলোচ্যসূচি প্রত্যেক মাসের সমন্বয় সভার কমপক্ষে ০৫ (পাঁচ) কার্যদিবস পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য, উক্ত সময় অতিক্রম করলে অগ্রগতি প্রতিবেদন গ্রহণ করা হবে না। ২.২ মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ডি-নথির মাধ্যমে ফাইল নিষ্পন্ন করতে হবে। সকল নথি (আর্থিক ও গোপনীয় প্রতিবেদন ব্যতীত) ডি-নথির মাধ্যমেই নিষ্পত্তি করতে হবে। ২.৩ মাস ভিত্তিক চিঠিপত্র নিষ্পত্তির (হার্ডনথি ও ডি-নথি) তথ্য প্রেরণ করতে হবে।	ক) অনুবিভাগ প্রধান (সকল) খ) দপ্তর/সংস্থার প্রধান (সকল)

	বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত	প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এ পর্যন্ত বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	২.৪ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	
	GPMS সংক্রান্ত	সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ প্রণয়ন এবং ২০২৫-২৬ বাস্তবায়নে সকল অনুবিভাগকে স্ব স্ব কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।	২.৫ সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত) নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।	
০৩.	ডি-নথির কার্যক্রম	প্রশাসন ও অর্থ অনুবিভাগের যুগ্মসচিব বলেন যে, এ মন্ত্রণালয় ডি নথিতে অনেক পিছিয়ে রয়েছে। আগামী সেপ্টেম্বর মাসের মধ্যে অবশ্যই ডি নথি নিষ্পত্তির হার ৮০% এ উন্নীত করার লক্ষ্যে সকলকে তৎপর হতে হবে। জরুরি প্রয়োজন ব্যতীত হার্ড ফাইলে নথি নিষ্পত্তি করা হতে বিরত থাকতে সকলকে অনুরোধ করা হয়।	৩.১ আগস্ট ২০২৬ মাসে ডি-নথির নিষ্পত্তির সংখ্যা ৫৫% এবং আগামী সেপ্টেম্বর ২০২৬ খ্রি. হতে ৭০% এ উন্নীত করতে হবে।	প্রশাসন ও অর্থ অনুবিভাগ
	বাজেট বাস্তবায়ন	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, পরিচালন বাজেটের ব্যয়ের হার আশানুরূপ হলেও উন্নয়ন বাজেটের ব্যয়ের হার অনেক পিছিয়ে রয়েছে। উন্নয়ন বাজেট ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হতে হবে।	৩.২ ২০২৬-২৭ অর্থ বছরের আগস্ট ২০২৬ পর্যন্ত ব্যয়ের পরিমাণ এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে ব্যয়ের তুলনামূলক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	

প্রচার প্রচারণা	টেলিভিশন, সামাজিক মাধ্যমে প্রচারের জন্য তৈরিকৃত টিভিসি ও ওভিসিসমূহ নতুন করে পর্যালোচনা করা প্রয়োজন মর্মে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) সভাকে অবহিত করেন। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। দপ্তর সংস্থাগুলো প্রচার প্রচারণায় নিজস্ব পরিকল্পনা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিত টিভিসি ওভিসিগুলো প্রচার করতে হবে এবং নিয়মিত Boosting করতে হবে। এজন্য আওতাধীন দপ্তর সংস্থাসমূহকে আলাদা বাজেট প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৩.৩ বিদ্যমান টিভিসি ও ওভিসিসমূহ নতুন করে পর্যালোচনা করতে হবে। এ সংক্রান্ত বিদ্যমান কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ৩.৪ দপ্তরসমূহকে আলাদা প্রচারের জন্য আলাদা পরিকল্পনা প্রণয়নপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৫ প্রচার-প্রচারণার জন্য দপ্তরসমূহকে আলাদা বাজেট প্রণয়নপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
মন্ত্রণালয় এবং শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন	মন্ত্রণালয়ের অনুমোদিত অনুবিভাগ ৪টি থাকলেও কর্মপরিধি বৃদ্ধির ফলে বর্তমানে ৮টি অনুবিভাগের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। অবশিষ্ট অনুবিভাগসমূহের জন্য পদ সৃজন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। প্রবাসী কর্মীদের তুলনায় শ্রম কল্যাণ উইংসমূহে জনবল কম থাকায় তা বৃদ্ধির লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ৬১টি পদের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। যা ফলোআপ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়।	৩.৬ মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহে জনবল বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন করতে হবে। ৩.৭ মিশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম কল্যাণ উইংসমূহে পদ সৃজনের বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৩.৮ অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা অর্থবছর অনুযায়ী আলাদাভাবে প্রদান করতে হবে। ৩.৯ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
প্রবাসী কার্ড সংক্রান্ত	আগস্টের মধ্যে প্রবাসী কার্ডের উদ্বোধনী অনুষ্ঠানে আয়োজনের জন্য কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। প্রবাসী কার্ড সংশ্লিষ্ট সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৩.১০ প্রবাসী কার্ড প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ইতোমধ্যে প্রায় সম্পন্ন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমতি সাপেক্ষে প্রবাসী কার্ড আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে।

	FOMED (Bangladesh) Ltd.	FOMED (Bangladesh) Ltd. এর প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে একটি পর্যালোচনা কমিটি গঠনের নির্দেশনা দেন।	FOMED (Bangladesh) Ltd. এর প্রস্তাবের বিষয়ে যাচাই-বাছাইয়ের জন্য কমিটি গঠন করতে হবে।	
০৪.	শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধি ও নতুন কনসাল্টেট স্থাপন	সারওয়াকের চেয়ে জহর বাহরু প্রদেশে অধিক বাংলাদেশী থাকায় সারওয়াকের পরিবর্তে জহর বাহরু (Johor bahru) প্রদেশে সদ্য স্থাপিত বাংলাদেশ কনসাল্টেটে শ্রম কল্যাণ উইং খোলার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পেনাংয়ে কনসাল্টেট খোলার বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। দূতাবাসে কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। ২০২৫-২৬ অর্থবছরে ১২টি দেশ হতে ২৯টি মৃতদেহ ১ কোটি ১৯ লক্ষ ৬৩ হাজার টাকা ব্যয়ে দেশে আনা হয় মর্মে সভাকে অবহিত করা হয়।	৪.১ নতুন নতুন শ্রম কল্যাণ উইং/কনসাল্টেট খোলার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.২ জহর বাহরু (Johor bahru) প্রদেশে সদ্য স্থাপিত বাংলাদেশ কনসাল্টেটে শ্রম কল্যাণ উইং খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪.৩ মিশন ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক আগস্ট ২০২৬ এ সম্পাদিত কল্যাণ সংক্রান্ত কাজের বিবরণী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.৪ দূতাবাসে কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। ৪.৫ মৃতদেহ দ্রুত দেশে আনতে হবে। এ সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	মিশন ও কল্যাণ অনুবিভাগ
০৫.	শৃঙ্খলা মামলা নিষ্পত্তি	শৃঙ্খলাজনিত ১টি মামলা তদন্তাধীন রয়েছে এবং ৪টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৫.১ অনিষ্পন্ন শৃঙ্খলা মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করে অগ্রগতি জানাতে হবে। মামলার তালিকা, নিষ্পত্তি এবং অনিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে শৃঙ্খলা মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে। ৫.২ বিএমইটি'র তদন্তাধীন মামলার কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। তদন্ত কর্মকর্তাকে দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে। ৫.৩ দপ্তর সংস্থার প্রশাসন অনুবিভাগ কর্তৃক আগস্ট ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	দপ্তর ও সংস্থা অনুবিভাগ

০৬.	ডায়াসপোরা নীতিমালা লেজিসলেটিভ বিভাগে দ্রুত প্রেরণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। Global Compact for Safe, Orderly and Regular Migration (GCM) বাস্তবায়নের লক্ষ্যে খসড়া GCM-NAP (2026-2030) গত ২১মে ২০২৬ তারিখে মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদিত হয়। উক্ত অনুমোদিত GCM-NAP (2026-2030) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা ও অংশীজনদের নিকট বই আকারে স্পাইরাল বাইন্ডিং করে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। DIASPORA নীতির অগ্রগতি	৬.১ ডায়াসপোরা নীতি চূড়ান্ত করতে হবে। ৬.২ National Action Plan (NAP) for Implementing the Global Compact for Safe, Orderly and Regular Migration (GCM) in Bangladesh, 2026-2030 নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। ৬.৩ আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ কর্তৃক আগস্ট ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ/বিএমইটি/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড/বোয়েসেল
০৭.	MoU বাস্তবায়ন সংক্রান্ত ‘নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন’ প্রণয়নের কাজটি GPMS-এ অন্তর্ভুক্ত থাকায় দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। অভিবাসন ব্যয় নির্ধারণের বিষয়টি অনেক দিনের পুরনো হওয়ায় দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করা হয়।	৭.১ কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক আগস্ট ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৭.২ বিভিন্ন দেশের অভিবাসন ব্যয়/সত্যায়ন ফি নির্ধারণ দ্রুত সম্পন্ন করতে হবে। ৭.৩ ‘নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন’ প্রণয়নের বিষয়ে গঠিত কমিটির গৃহীত পদক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	কর্মসংস্থান অনুবিভাগ

০৮.	অভিযোগ সংক্রান্ত তথ্য	জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে	৮.১ রিক্রুটিং এজেন্টদের বিরুদ্ধে প্রাপ্ত	মনিটরিং ও
		সভাকে অবহিত করা হয় : ■ প্রাপ্ত অভিযোগ : ৬২টি ■ পূর্বের জের : ১১৩টি ■ মোট অভিযোগ : ১৭৫টি ■ অভিযোগ নিষ্পত্তি : ৭১টি ■ অনিষ্পন্ন অভিযোগ : ১০৪টি গৃহীত ব্যবস্থা/শাস্তি প্রদান ■ লাইসেন্স স্থগিত/সার্ভার লক : ০৭টি, স্থগিতাদেশ প্রত্যাহার বা সার্ভার লক খোলা হয়েছে : ০৫টি, লাইসেন্স বাতিল : ০, জামানত বাজেয়াপ্ত : ০ ■ অভিযোগের গুরুত্ব অনুযায়ী শাখা/উইং পর্যায়ে শুনানী গ্রহণ করা হয়; ■ অন্যান্য উইংয়ের কর্মকর্তাদের শুনানীর জন্য দায়িত্ব প্রদান করা হয়; ■ বিএমইটি হতে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নেয়া হয়; ■ উইং পর্যায়ে সমন্বয় সভা করা হয়;	অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অন্যান্য অনুবিভাগের কর্মকর্তাগণকে শুনানীর দায়িত্ব প্রদান করতে হবে। ৮.২ প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা, প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা এবং অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৮.৩ অভিযোগ নিষ্পত্তির তথ্য সংক্ষিপ্ত ছক আকারে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	এনফোর্সমেন্ট অনুবিভাগ
	মনিটরিং সংক্রান্ত কার্যক্রম	মনিটরিং সংক্রান্ত কার্যক্রম আরো জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৮.৪ রিক্রুটিং এজেন্ট ও মেডিকেল সেন্টারসমূহ সরেজমিন পরিদর্শনসহ মনিটরিং সংক্রান্ত কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	
	মেডিকেল সংক্রান্ত কার্যক্রম	স্বাস্থ্য পরীক্ষা কেন্দ্রসমূহকে বাধ্যতামূলকভাবে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট নীতিমালা সংশোধন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ২০২২ সাল হতে জুলাই ২৬ পর্যন্ত তালিকাভুক্ত : ১৮১ টি বিবেচ্য মাসে তালিকাভুক্ত : - মোট : ১৮১ টি তালিকাভুক্তির নতুন আবেদন প্রাপ্তি : ০৮ টি	৮.৫ তালিকাভুক্তির জন্য আবেদনকারী যোগ্য মেডিকেল সেন্টারসমূহকে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ের তালিকাভুক্তির লক্ষ্যে কার্যক্রম জোরদার করতে হবে। ৮.৬ মেডিকেল সেন্টারসমূহের তালিকাভুক্তি নবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট নীতিমালা সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	

আইন সংক্রান্ত	মহামান্য হাইকোর্ট এ চলমান মামলাসমূহ সরকারের স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের প্রতিনিধিগণ বিজ্ঞ প্যানেল আইনজীবীদের সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে। মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তরসংস্থা সমূহের মামলা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে মামলার সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয় এবং যথাযথভাবে মামলার Statement of Facts (SF) প্রেরণ করা হয়।	৮.৭ মহামান্য হাইকোর্ট এ চলমান মামলাসমূহ সরকারের স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। এসএফ যথাযথভাবে প্রেরণ করতে হবে। ৮.৮ বিএমইটি ও জনপ্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে।
-----------------------------	--	---

০৯.	প্রশিক্ষণ সংক্রান্ত	Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে নিয়মিত ফলোআপ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। জুন-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : IOM এর সূত্রে জানা যায় PDO Video Clip নির্মাতা প্রতিষ্ঠান Empty Yard (Production House) IOM এর কার্যাদেশ অনুযায়ী প্রস্তুতকৃত Draft Version IOM-কে সরবরাহ করেছে। চূড়ান্ত Draft Version ভিডিও গুলোর লিংক ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধানদের নিকট শেয়ার করা হয়েছে। গত ১৫ এপ্রিল ২০২৬ তারিখে এ মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে IMT গ্র্যাজুয়েটদের CDC প্রাপ্তির জটিলতা নিরসনের লক্ষ্যে ILO'র Country Director ও তাঁর প্রতিনিধিদলের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং নৌপরিবহন মন্ত্রণালয়ে একাধিক পত্র ও সরাসরি যোগাযোগ করা হয়েছে। উভয় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়গণের সম্মুখে সভা আহবানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সভার তারিখ দিবেন।	৯.১ PDO প্রশিক্ষণ ম্যানুয়েল চূড়ান্তকরণ সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.২ Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.৩ প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক জুলাই ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.৪ ডি-নথির বিষয়ে সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	প্রশিক্ষণ অনুবিভাগ
১০.	উন্নয়ন বাজেট ত্বরান্বিতকরণ	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, পরিচালন বাজেটের ব্যয়ের হার আশানুরূপ হলেও উন্নয়ন বাজেটের ব্যয়ের হার অনেক পিছিয়ে রয়েছে। উন্নয়ন বাজেট ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হতে হবে। জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : "Addressing the medium to long-term reintegration needs and strengthening social protection support mechanisms for the social inclusion of Bangladesh migrants" শীর্ষক প্রকল্পের TAPP	১০.১ পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ কর্তৃক জুলাই ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ

অনুমোদন ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২১ জুলাই ২০২৬ তারিখে শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।

- IDA-এর সহায়তায় বাস্তবায়িত "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants Project" এর ২০২৪-২৫ অর্থবছরের SFI ভুক্ত আপত্তির ওপর পুনঃ জবাব প্রেরণের জন্য ২৩ জুলাই ২০২৬ তারিখ মহাপরিচালক, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড-কে অনুরোধ করা হয়েছে।
- সেক্টর এ্যাকশন প্ল্যান প্রণয়নের লক্ষ্যে সাব-সেক্টর ভিত্তিক তথ্য ১৪ জুলাই ২০২৬ তারিখে শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।
- টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অনুষ্ঠেয় তৃতীয় জাতীয় সম্মেলনে বিভিন্ন সেশনে অভীষ্টভিত্তিক উপস্থাপনার লক্ষ্যে প্রজেন্টেশন প্রণয়ন ও তা উপস্থাপনার জন্য ২৭ জুলাই ২০২৬ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বিএমইটি'তে World Friends Korea (WFK) Advisor নিয়োগের নিমিত্ত দাখিলকৃত প্রস্তাব KOICA Bangladesh Office এ প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২২ জুলাই ২০২৬ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

১১.	জব ফেয়ার এর আয়োজন	জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : বিএমইটি'র অধীন দপ্তরসমূহের মাধ্যমে ২০২৬-২৭ অর্থবছরে আয়োজিত জব ফেয়ারের সংখ্যা-১৯টি এবং জব ফেয়ারের মাধ্যমে মোট কর্মসংস্থান ২০৪৬ জন (বৈদেশিক-১৯৮৮জন, স্থানীয়-৫৮জন)। জুলাই ২০২৬ মাসে আয়োজিত জব ফেয়ারের সংখ্যা-১৯টি এবং জব ফেয়ারের মাধ্যমে মোট কর্মসংস্থান ২০৪৬ জন (বৈদেশিক-১৯৮৮জন, স্থানীয়-৫৮জন)। জুলাই ২০২৬ মাসে ১৯টি জব ফেয়ারের মাধ্যমে ১,৯৮৮ জনের বৈদেশিক কর্মসংস্থান হয়েছে	১১.১ ২০২৫-২৬ অর্থবছরের প্রতিবেদনাধীন মাসে (জুন ২০২৬) এবং আলোচ্য অর্থবছরে আয়োজনকৃত জব ফেয়ারের মাধ্যমে কতজন অংশগ্রহণকারী চাকুরী পেয়ে বিদেশে গমন করেছে এবং স্থানীয়ভাবে কর্মসংস্থান হয়েছে উভয় তথ্য পৃথক পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। ১১.২ কোন টিটিসির মাধ্যমে কতজন চাকুরির নিমিত্ত বিদেশ গমন করেছেন সে তথ্য উপস্থাপন করতে হবে।	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
	প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম জোরদার	জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : বিএমইটি'র আওতাধীন ৭২ টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে ০৮টি বিদেশী ভাষার উপর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের পরিধি ও গুরুত্ব বিবেচনায় জাপানিজ, ফরাসি, ইটালিয়ান, রাশিয়ান, পর্তুগীজ এবং স্প্যানিস ভাষায় আরো ৭০ জন অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োগের লক্ষ্যে গত ২৩ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে জাতীয় দৈনিক পত্রিকায় (প্রথম আলো, ডেইলি স্টার, দৈনিক ইত্তেফাক) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিপরীতে জাপানিজ-৩৯ টি, ফরাসি- ২৪ টি, ইটালিয়ান ১৪ টি, রাশিয়ান-১০ টি, স্প্যানিস- ৫ টি ও পর্তুগীজ ভাষায় কোন আবেদনপত্র পাওয়া যায়নি। প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে নিয়োজিতকরণ পরীক্ষাটি গত ১৫ মে ২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। পূর্বে নিয়োজিত ভাষা প্রশিক্ষকদের সম্মানী প্রদানের ক্ষেত্রে বাজেট স্বল্পতা এবং নিয়োজিতকরণ পরীক্ষা	১১.৩ ভাষা প্রশিক্ষক নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১১.৪ আগস্ট ২৬ মাসে কতজনকে কি কি ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়েছে তার তথ্য উপস্থাপন করতে হবে।	

সম্পন্ন করনের ক্ষেত্রে ভাষা প্রশিক্ষণ কোর্সের ব্যাংক হিসাবে পর্যাপ্ত অর্থ সংকুলান না থাকায় নতুন অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণ পরীক্ষাটি স্থগিত করা হয়।

(ক) বিএমইটির নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে জানুয়ারী ২৬ হতে জুলাই ২৬ পর্যন্ত বিভিন্ন কোর্সে নিয়মিত ব্যাচের ২০,৬৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(খ) বিএমইটির নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে জানুয়ারী ২৬ হতে জুলাই ২৬ পর্যন্ত বিভিন্ন কোর্সে প্রকল্পের আওতায় ১৮,৬৬২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(গ) বিএমইটির নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে জানুয়ারী ২৬ হতে জুলাই ২৬ পর্যন্ত বিভিন্ন ভাষা কোর্সে ৪,৪১১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

মনিটরিং কার্যক্রম জোরদারকরণ/নিরাপ দ অভিবাসন সংক্রান্ত	জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : জুলাই/২০২৬ মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা-২১০টি সৌদি আরবগামী কর্মীদের অভিযোগের সংখ্যা-১৪৬টি। মালয়েশিয়াগামী কর্মীদের অভিযোগের সংখ্যা-০৬টি। অন্যান্য দেশের কর্মীদের অভিযোগের সংখ্যা-৫৮টি। জুলাই/২০২৬ মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা-২০১টি সৌদি আরবগামী কর্মীদের অভিযোগ নিষ্পত্তির সংখ্যা-১৪০টি। মালয়েশিয়াগামী কর্মীদের অভিযোগ নিষ্পত্তির সংখ্যা-১৯টি। অন্যান্য দেশের কর্মীদের অভিযোগ নিষ্পত্তির সংখ্যা-৪২টি। জুলাই ২০২৬ মাসে আদায়কৃত ক্ষতিপূরণ: ১,২৮,৪৬,৮৫০/- বিএমইটি'র সকল শাখার উপপরিচালক এবং সহকারী পরিচালকগণকে তদন্ত ও সালিশ কর্মকর্তা নিয়োগপূর্বক অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জুলাই ২৬ পর্যন্ত মোট অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা (তদন্তাধীন/সালিশাধীন/কার্যক্রম চলমান)-২৫০৮টি।	১১.৫ অভিবাসন সম্পর্কিত অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। ১১.৬ সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করে বিদ্যমান অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১১.৭ অনিষ্পন্ন/তদন্তাধীন অভিযোগ মোট সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
--	---	---

Overseas Employment Platform (OEP)	অভিযোগসমূহ সূচারুভাবে নিষ্পত্তির লক্ষ্যে OEPতে Complaint মডিউল সংযোজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও OEP Software ILO কর্তৃক সরবরাহ করা হলেও এটির Update, Maintenance and Sustainability নিশ্চিত করার জন্য গঠিত OEP সেল প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত সকল স্টেকহোল্ডার OEP সিস্টেমে সংযুক্ত। OEP সিস্টেম Maintenance and Sustainability করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে একটি পৃথক OEP সেল গঠন করা হয়েছে। OEP এর সফটওয়্যারসমূহ Update Maintenance and Sustainability নিশ্চিত করার বিষয়ে নবগঠিত OEP সেল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। গত ৩০ জুলাই ২০২৬ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের মাধ্যমে OEP এর Complaint মডিউলটি কর্মীসহ সকলের জন্য উন্মুক্ত করার নিমিত্ত উদ্বোধন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে আগামী ১৬ আগস্ট ২০২৬ তারিখ হতে সকলকে Online-এ অভিযোগ দাখিল করতে হবে এবং কোন অভিযোগ সরাসরি গ্রহণ করা হবে না।	১১.৮ OEP এর সফটওয়্যারসমূহ Update, Maintenance and Sustainability নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১১.৯ অনিষ্পন্ন, তদন্তাধীন অভিযোগসমূহ OEP-এর Complaint মডিউল-এ দ্রুত Upload করতে হবে।
TAKAMOL	TAKAMOL স্কিল টেস্টে অংশগ্রহণকারীরা যাতে আরো বেশি উত্তীর্ণ হতে পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : সৌদি সরকারের Skills Verification Program (SVP) বাস্তবায়নের নিমিত্ত	১১.১০ TAKAMOL এর সঙ্গে সমন্বয় করে স্কিল টেস্ট অনুষ্ঠানকে আরও ফলপ্রসূ করার লক্ষ্যে বিএমইটি'র অধীন প্রয়োজনীয় সংখ্যক টেস্টিং ও ট্রেনিং সেন্টার প্রস্তুতের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

TAKAMOL এর তত্ত্বাবধানে বিএমইটি এর আওতায় বর্তমানে ৩০ টি টিটিসি - ২৮টি, বিআরটিসি ট্রেনিং সেন্টার- ১টি ও ইনস্টিটিউট অব মাইনিং, মিনারোলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), জয়পুরহাট- ১টি] টেস্ট সেন্টার সম্প্রসৃত রয়েছে। কেন্দ্রসমূহে সৌদি আরবগামী কর্মীদের মোট ৮৯টি পেশায় Skills Test গ্রহণ করা হচ্ছে।

এছাড়া, Takamol এর চাহিদা অনুযায়ী স্কিল টেস্ট গ্রহণে নুতন আরও ২৬ টি পেশা অন্তর্ভুক্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্ণিত ২৬টি পেশার মধ্যে ২২টি পেশার প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা ও ডকুমেন্ট Takamol বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। প্রেরণকৃত ২২টি পেশার মধ্যে Takamol কর্তৃক ইতোমধ্যে ৯ টি পেশায় টেস্ট গ্রহণের অনুমোদন পাওয়ায় টেস্টিং কার্যক্রম শুরু করা হয়েছে। অবশিষ্ট পেশায় টেস্ট গ্রহণের জন্য অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।।

এ পর্যন্ত মোট ৪,১২,৬৪৭ জন কর্মী বিভিন্ন পেশায় স্কিলস টেস্টে অংশগ্রহণ করে। এর মধ্যে ৩,০০,০৫৩ জন উত্তীর্ণ হয়। উত্তীর্ণের হার- ৭২.৭১%।

এছাড়া ২৫টি টিটিসিতে লোডিং আনলোডিং পেশায় এবং ১০ টি টিটিসিতে কিছু অপ্রচলিত পেশায় সৌদি আরবগামী কর্মীদের স্কিল টেস্টে অংশগ্রহণ পূর্ববর্তী প্রস্তুতিমূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

১২.	মৃতদেহের ক্ষতিপূরণ প্রাপ্তি সহজীকরণ	জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ■ জুলাই ২০২৬ মাসে আর্থিক অনুদান সংক্রান্ত ৫৪৪টি আবেদন পাওয়া যায়। আবেদনগুলোর নিষ্পত্তির প্রক্রিয়া চলমান। ■ জুলাই ২০২৬ মাসে ৪৬২ জন মৃত ব্যক্তির অনুকূলে আর্থিক অনুদান (ইতঃপূর্বে প্রদত্ত আবেদনের প্রেক্ষিতে) বাবদ ১৩,৪৬,৮৯,৫৯৯/- টাকা প্রদান করা হয়েছে। ■ জুলাই ২০২৬ মাসে বিমানবন্দরসমূহে “লাশ পরিবহন ও দাফন খরচ” বাবদ ৩৫ (পঁয়ত্রিশ) হাজার টাকা করে মোট ৪৯১ জন মৃত ব্যক্তির অনুকূলে $(৩৫০০০ \times ৪৯১) = ১,৭১,৮৫,০০০/-$ টাকা বিতরণ পূর্বক নথিসমূহ নিষ্পত্তি করা হয়েছে। • জুলাই ২০২৬ মাসে জীবন বীমার ক্ষতিপূরণ সংক্রান্ত ২২২ জন মৃত ব্যক্তির আবেদন পাওয়া গিয়েছে। • জুলাই ২০২৬ মাসে ০৬ (ছয়) মাসের মধ্যে ফেরত আসা ৫০৮ জন কর্মীর আবেদন পাওয়া গিয়েছে। • জুলাই ২০২৬ মাসে ১২ জন মৃত ব্যক্তির জীবন বীমার ক্ষতিপূরণ বাবদ ৮৭,৯৮,৮৩২/- টাকা প্রদান করা হয়েছে। • জুলাই ২০২৬ মাসে ০৬ মাসের মধ্যে ফেরত আসা ২০২ জন কর্মীকে বীমার অর্থ বাবদ ১,০১,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে।	১২.১ মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১২.২ জীবন বীমার ক্ষতিপূরণ বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড			

জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানে ক্ষতিগ্রস্তদের সহযোগিতা	জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাতে হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসীদের বিষয়ে উপদেষ্টা কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়। জুলাই-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : • জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানকালে বৈষম্য বিরোধী ছাত্র জনতার সাথে একাত্মতা প্রকাশ করায় সংযুক্ত আরব আমিরাতে হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত ২৩৬ জন প্রবাসীকে ১,২৫,৮৬,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ ছিয়াশি হাজার টাকা) টাকা অনুদান দেয়া হয়েছে। • গত ২৩ জানুয়ারি ২০২৬ তারিখে ০৭ জন জুলাই যোদ্ধাকে আউটসোর্সিং এর মাধ্যমে প্রবাসী কল সেন্টার নিয়োগ প্রদান করা হয়েছে। • এছাড়াও গত ০৮ জুন ২০২৬ তারিখে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সৌদি আরব হতে ফেরত ৮০ জন রেমিট্যান্স যোদ্ধাদের জুলাই যোদ্ধার স্বীকৃতি, আর্থিক সহায়তা ও পুনর্বাসন সংক্রান্ত পত্র পাওয়া যায়। ৮০ জন সৌদি আরব প্রবাসী ২০২৪ সালের ছাত্র-জনতার আন্দোলনে একাত্মতা প্রকাশ করে বহির্বিপক্ষে সমর্থন জোগানোর উদ্দেশ্যে সৌদি আরবের রিয়াদ, মদিনা, তাবুক, দামামাসহ বিভিন্ন শহরে আন্দোলন করেছিলো কিনা তা যাচাইয়ান্তে সংশ্লিষ্ট রাষ্ট্রদূত কর্তৃক দাপ্তরিকভাবে তালিকা প্রেরণের জন্য সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।	১২.৩ আগস্ট ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাতে হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসীদের বিষয়ে উপদেষ্টা কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
১৩. বিভিন্ন দেশে কর্মী প্রেরণ ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত	জুন-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ২০২৬-২৭ অর্থবছরে জুলাই মাসে মোট প্রেরণ করা হয়েছে ১৪৩১ জন। ■ মালয়েশিয়াতে মোট ৭৮৭৩ জন কর্মীকে কনস্ট্রাকশন ও ট্যুরিজম সেক্টরে নিয়োগের লক্ষ্যে Construction	১৩.১ বোয়েসেল কর্তৃক বিভিন্ন দেশে ২০২৫-২৬ অর্থ বছরে প্রেরিত কর্মীর সংখ্যাসহ প্রতিবেদনাধীন মাসে (আগস্ট ২০২৬) কর্মী প্রেরণের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। ১৩.২ মালয়েশিয়ায় কর্মী প্রেরণ সংক্রান্ত সর্বশেষ তথ্য পরবর্তী সভায় অবগত করতে হবে।

		Labour Exchange Centre Berhad (CLAB) কর্তৃক 2990 জন কর্মীর পরীক্ষা নেয়া হয়েছে। তৎমধ্যে ১৯৬৩ জন কর্মী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ১৭৩৮ জন কর্মী মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ■ যারা উত্তীর্ণ হয়েছে তাদের মধ্যে ১৫৭৯ জন কর্মীর প্রশিক্ষণ শেষ হয়েছে। ১৫৮ জন কর্মী প্রশিক্ষণ করার জন্য অপেক্ষমান রয়েছে। অদ্যাবধি ১০০৯ জন কর্মী মালয়েশিয়া গমন করেছে। বোয়েসেল পরিচালনা পর্ষদের ৩১৯ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বোয়েসেল-এর মাধ্যমে বাংলাদেশ হতে দক্ষিণ কোরিয়ায় উচ্চ শিক্ষার জন্য শিক্ষার্থী প্রেরণের উদ্দেশ্যে Student Consultancy Firm-এর সাথে চুক্তি, স্টুডেন্ট ভিসা প্রসেস অনুমোদন ও সার্ভিস চার্জ এবং এজেন্ট ফি নির্ধারণ করা হয়। ২০ মে ২০২৫ তারিখ দক্ষিণ কোরিয়ার Korea Culture & Convergence এবং NSER Korea Co. Ltd.-এর সাথে বোয়েসেল-এর চুক্তি স্বাক্ষরিত হয়। ডিসেম্বর ২০২৫ ইনটেক থেকে বোয়েসেল দক্ষিণ কোরিয়ায় অনার্স, মাস্টার্স ও ভাষা কোর্সে শিক্ষার্থী প্রেরণের কার্যক্রম শুরু করে। এ পর্যন্ত বোয়েসেল-এর মাধ্যমে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভাষা কোর্সে ২৫ জন, অনার্সে ২ জন এবং মাস্টার্সে ৯ জন শিক্ষার্থী দক্ষিণ কোরিয়ায় গমন করেছে। বর্তমানে জুন ও সেপ্টেম্বর ২০২৬ ইনটেকে শিক্ষার্থী প্রেরণের কার্যক্রম চলমান আছে।	১৩.৩ দক্ষিণ কোরিয়ার সাথে সম্পাদিত সমঝোতা স্মারকের আওতায় কতজন ভাষা ও স্নাতক শিক্ষার্থী দক্ষিণ কোরিয়ায় গমন করেছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	বোয়েসেল
--	--	---	---	----------

১৪.	ঋণ বিতরণ কার্যক্রম	জুন-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ■ ২০২৬-২৭ অর্থবছরে জুলাই ২০২৬ মাসে সর্বমোট রেমিট্যান্স বিতরণের পরিমাণ ১,৪৬,৪০৪.২৫/- টাকা। প্রবাসী কল্যাণ ব্যাংক ইসলামিক ব্যাংকিং উইন্ডো চালুকরণের নিমিত্ত শরিয়াহ সুপারভাইজারী বোর্ড গঠনে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আলোকে ইসলামিক ফাউন্ডেশনকে সদস্য মনোনয়নের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সদস্য তালিকা চূড়ান্ত হলে পর্ষদের অনুমোদনক্রমে পরবর্তী কর্মসূচী গ্রহণ করা হবে। ক) প্রথম পর্যায়ে জনতা ব্যাংকের মাধ্যমে প্রবাসী কার্ড Launching করা হবে। খ) দ্বিতীয় পর্যায়ে BIN Sponsorship এর মাধ্যমে জনতা ব্যাংকের Nostro Account ব্যবহার করে Payment Service Operator এর সাথে integration এর মাধ্যমে প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃক প্রবাসী কার্ড ইস্যু করা হবে।	১৪.১ আগস্ট ২০২৬ মাসে কতজনকে কোন কোন খাতে কী পরিমাণ ঋণ দেয়া হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। ১৪.২ আগস্ট ২০২৬ মাসে আহরিত রেমিট্যান্সের পরিমাণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৩ Islamic Window খোলার বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৪ নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রবাসী কার্ড বিতরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংকের গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৫ জাপানসহ বিভিন্ন দেশে ভাষাশিক্ষা ও বিশেষ দক্ষতা অর্জনের জন্য ২০২৫-২৬ অর্থবছরে কত জনকে কত টাকা এবং আগস্ট ২০২৬ মাসে কত জনকে কত টাকা প্রদান করা হয়েছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংক
১৫.		মন্ত্রণালয় কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেতন থাকার নির্দেশনা প্রদান করা হয়।	১৫.১ জেলা প্রশাসক সম্মেলনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। ১৫.২ অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফায়ার-ড্রিল আয়োজনসহ অবকাঠামোগত সংস্কার ও আনুষঙ্গিক নিরাপত্তা উপকরণের ব্যবহার উপযোগিতা নিয়মিত পরীক্ষা করতে হবে।	সকল অনুবিভাগ প্রধান ও দপ্তর-সংস্থা প্রধান

বিবিধ		১৫.৩ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (GRS) থেকে প্রাপ্ত অভিযোগসমূহ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দ্রুততার সাথে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। ১৫.৪ মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সকল পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃষ্ততাসাধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। দাপ্তরিক কাজে shared transport ব্যবহার, অনাবশ্যক বৈদ্যুতিক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিতকরণ এবং সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃষ্ততাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	
-------	--	---	--

০২। পরিশেষে, অভিবাসন ব্যবস্থাপনায় সুশাসন আরও গতিশীল করার লক্ষ্যে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সকলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০২-০৯-২০২৬

মোঃ মোখতার আহমেদ

সচিব

ইমেইল : secretary@probashi.gov.bd

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩
০২ সেপ্টেম্বর ২০২৬

নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০১৬.১৬.০০০২.২৪.২১০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৩। মহাপরিচালক (Director General), মহাপরিচালকের দপ্তর, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)।
- ৫। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ৮। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১১। সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১২। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।



A handwritten signature in black ink, consisting of a stylized 'R' followed by a horizontal line.

০২-০৯-২০২৬
ড. আনিছুর রহমান
উপসচিব